

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৪২২

পর্ব-১৫: কসম ও মানৎ (کتاب الأيمان والنذور)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِيْ

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا اجْتَهَدَ فِي الْيَمِينِ قَالَ: «لَا وَالَّذِي نفس أَبُو الْقَاسِم بِيَدِهِ» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৩৪২২-[১৭] আবৃ সা'ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কসমের উপর অটল থাকতে চাইতেন, তখন বলতেন, 'লা- ওয়াল্লাযী নাফসু আবিল ক-সিমি বিয়াদিহী'' অর্থাৎ- এরূপ নয়! সে পবিত্র সন্তার শপথ, যাঁর হাতে আবুল কাসিম (মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর প্রাণ। (আবৃ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৩২৬৪, আহমাদ ১১২৮৫, য'ঈফ আল জামি' ৪৩২৮। কারণ এর সনদে রাবী 'আসিম বিন শুমায়খ হতে মাত্র দু'জন ব্যক্তি হাদীস বর্ণনা করেছেন। ইমাম ইবনু হিব্বান ও 'আজালী ব্যতীত কেউ তাকে বিশ্বস্ত বলেননি। আর ইমাম আবূ হাতিম তাকে মাজহূল বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِذَا اجْتَهَدَ فِي الْيَمِين) কসমে যখন আরও অধিক দৃঢ় করতে চাইতেন।

(بِيَدِه) তথা তার রহও সন্তা। (بِيَدِه) তার হস্তক্ষেপ, যথেচ্ছভাব ক্ষমতা ও তার ইচ্ছার অধীনে। ('আওনুল মা'বৃদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩২৬১)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন